শেখ হাসিনার উদ্যোগ

ডায়েরী নং ৮৫৪ তারিখ ৭/১/২০২০
আইসিটি পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।

বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড

BANGLADESH RURAL ELECTRIFICATION BOARD

ISO 9001, ISO 14001 & OHSAS 18001 Certified

কর্মচারী প্রশাসন পরিদপ্তর
বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড
সদর দপ্তর ভবন, নিকুঞ্জ-২,
খিলক্ষেত, ঢাকা-১২২৯।
ফোনঃ ৮৯০০৩৫৮।
ই-মেইল: rebdpa@gmail.com

স্মারক নং- ২৭.১২.০০০০.০২৫.১১.১১৩.১৯- ১৫৪৬

তারিখঃ ২৩ পৌষ, ১৪২৬ বঙ্গাব্দ / ০৭ জানুয়ারি, ২০২০ খ্রিস্টাব্দ

# নোটিশ

**বিষয়ঃ বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড-এর রাজস্ব খাতভুক্ত হার্ডওয়্যার ইঞ্জিনিয়ার, নেটওয়ার্ক ইঞ্জিনিয়ার, সহকারী হার্ডওয়্যার ইঞ্জিনিয়ার এবং সহকারী নেটওয়ার্ক ইঞ্জিনিয়ার পদে নিয়োগ প্রসঙ্গে।**

বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড-এর রাজস্ব খাতভুক্ত হার্ডওয়্যার ইঞ্জিনিয়ার, নেটওয়ার্ক ইঞ্জিনিয়ার, সহকারী হার্ডওয়্যার ইঞ্জিনিয়ার এবং সহকারী নেটওয়ার্ক ইঞ্জিনিয়ার পদে পরীক্ষায় অংশগ্রহণকারী প্রার্থীদের মধ্য থেকে নিম্নবর্ণিত রোল নম্বরধারী প্রার্থীগণকে বাপবিবো কর্তৃক চূড়ান্তভাবে নিয়োগের জন্য নির্বাচন করা হয়েছেঃ

| ক্র. নং | পদের নাম | নির্বাচিত প্রার্থীদের রোল নম্বর | যোগদানের তারিখ |
|---|---|---|---|
| ০১. | হার্ডওয়্যার ইঞ্জিনিয়ার | ১৩০০২৬ | ১৬-০১-২০২০ খ্রি. তারিখ বেলা ১২:০০ ঘটিকার মধ্যে। |
| ০২. | নেটওয়ার্ক ইঞ্জিনিয়ার | ১৫০০৫২ | |
| ০৩. | সহকারী হার্ডওয়্যার ইঞ্জিনিয়ার | ১৭০০৩৩ | |
| ০৪. | সহকারী নেটওয়ার্ক ইঞ্জিনিয়ার | ১৯০০১১ | |

নির্বাচিত প্রার্থীদের বরাবরে নিম্নবর্ণিত শর্তসমূহ উল্লেখপূর্বক ডাকযোগে নিয়োগ পত্র প্রেরণ করা হয়েছে।

## নিয়োগ পত্রের শর্তাবলী

বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড (বাপবিবো)-এর রাজস্ব খাতভুক্ত উপর্যুক্ত পদে আপনাকে সম্পূর্ণ অস্থায়ী ও এডহক ভিত্তিতে বোর্ড-এর প্রচলিত বিধি অনুযায়ী প্রদেয় ভাতাসহ জাতীয় বেতন স্কেল'২০১৫ মোতাবেক (নিয়োগ বিজ্ঞপ্তিতে উল্লিখিত গ্রেড অনুযায়ী) নিম্নবর্ণিত শর্তে নিয়োগপত্র প্রদান করা হলোঃ

০১। চাকুরীতে যোগদানের তারিখ হতে ০২ (দুই) বছর আপনি শিক্ষানবিস হিসেবে নিয়োজিত থাকবেন। আপনার চাকুরী ততক্ষণ পর্যন্ত স্থায়ী হবে না যতক্ষণ না বোর্ড সংশ্লিষ্ট প্রবিধানমালার আদেশবলে, সময় সময় যে পরীক্ষা ও প্রশিক্ষণের ব্যবস্থা করা হয়, সেই পরীক্ষায় উত্তীর্ণ হন ও প্রশিক্ষণ গ্রহণ করেন। তবে, উক্ত সময়কাল কর্তৃপক্ষের ইচ্ছা অনুযায়ী অনূর্ধ্ব আরও ০২ (দুই) বছর পর্যন্ত বর্ধিত করা হতে পারে। তাছাড়াও, বোর্ড কর্তৃক পুলিশ বিভাগ হতে আপনার চরিত্র ও প্রাক-পরিচয়ের সন্তোষজনক রিপোর্ট প্রাপ্তি, আপনার সম্পর্কে নিয়ন্ত্রণকারী কর্মকর্তার ইতিবাচক মতামত-এর উপর আপনার শিক্ষানবিসকালের সন্তোষজনক সমাপ্তি এবং আপনার চাকুরীর স্থায়ীকরণ নির্ভর করবে।

০২। নিয়োগকারী কর্তৃপক্ষ কোন কারণ প্রদর্শন ব্যতিরেকেই এক মাসের লিখিত পূর্ব নোটিশ প্রদান করে অথবা উক্ত নোটিশের পরিবর্তে এক মাসের মূল বেতনের সমপরিমাণ অর্থ প্রদান করে আপনার শিক্ষানবিসকালে চাকুরীর অবসান ঘটাতে পারবেন এবং এরূপ চাকুরী অবসানের কারণে আপনি কোন প্রকার ক্ষতিপূরণ দাবী করতে পারবেন না।

০৩। আপনি যদি কোন সরকারী/আধা-সরকারী/স্বায়ত্বশাসিত সংস্থা অথবা পল্লী বিদ্যুৎ সমিতির চাকুরীতে নিয়োজিত থাকেন, তাহলে বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড-এ যোগদানের সময় আপনাকে অবশ্যই নিয়োগকারী কর্তৃপক্ষের নিকট হতে প্রাপ্ত অব্যাহতিপত্র পেশ করতে হবে।

অঃ পৃঃ দ্রঃ/০২

০৪। **যোগদানের সময় বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড-এর মেডিকেল রিটেইনার বা কোন সিভিল সার্জন-এর নিকট হতে আপনার শারীরিক সুস্থতা (ডোপ টেস্টসহ) সম্বন্ধীয় একটি সার্টিফিকেট দাখিল করতে হবে (উক্ত সার্টিফিকেটে ডোপটেস্টের বিষয়টি পজিটিভ অথবা নেগেটিভ তা সুস্পষ্টভাবে উল্লেখ থাকতে হবে)।**

০৫। বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড এর কর্মচারী চাকুরী প্রবিধানমালা, ২০১৮ অনুযায়ী আপনার চাকুরী নিয়ন্ত্রিত হবে।

০৬। চাকুরীতে যোগদান করার জন্য আপনাকে কোন দৈনিক/ভ্রমন ভাতা প্রদান করা হবে না।

০৭। চাকুরীতে যোগদানের সময় নিয়োগকারী কর্তৃপক্ষের নিকট আপনার সকল শিক্ষাগত যোগ্যতার মূল সনদ (সার্টিফিকেট), সর্বশেষ অধ্যয়নকৃত প্রতিষ্ঠান প্রধান কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্রের মূল কপি জমা রাখতে হবে।

০৮। পুলিশ কর্তৃক আপনার চরিত্র ও প্রাক-পরিচয় যাচাই করা হবে। এতদবিষয়ক পুলিশ রিপোর্ট সন্তোষজনক না হলে অথবা পরবর্তীতে আবেদনপত্রের তথ্য ভুল বা মিথ্যা বা বিকৃত প্রমাণিত হলে কোন কারণ দর্শানো ব্যতিরেকেই আপনাকে বোর্ডের চাকুরী হতে সরাসরি অপসারণ/বরখাস্ত করা হবে। সেক্ষেত্রে অত্র নিয়োগপত্র আপনার চাকুরী প্রাপ্তির দাবী প্রতিষ্ঠিত করবে না।

০৯। চাকুরীতে যোগদানের সময় আপনাকে ৩০০/- টাকা/ প্রযোজ্য মূল্যের নন-জুডিসিয়াল স্ট্যাম্প সঙ্গে আনতে হবে এবং উক্ত স্ট্যাম্পে ০৫(পাঁচ) বছরের জন্য ৫,০০,০০০/- (পাঁচ লক্ষ) টাকার সার্ভিস বন্ড প্রদান করতে হবে। চাকুরীর মেয়াদ ০৫(পাঁচ) বছর পূর্ণ না হওয়া পর্যন্ত চাকুরী হতে অব্যাহতি গ্রহণ করলে সার্ভিস বন্ড অনুযায়ী ৫,০০,০০০/- (পাঁচ লক্ষ) টাকা বাপবিবো-এর অনুকূলে প্রদানে বাধ্য থাকবেন।

১০। কর্তৃপক্ষের অনুমতি ব্যতীত চাকুরী ছেড়ে চলে গেলে বিধি অনুযায়ী আপনাকে চাকুরীচ্যুত করা হবে এবং বিষয়টি আপনার ছবিসহ বাপবিবো-এর ওয়েবসাইটে প্রকাশ করা হবে এবং আপনার নিজ জেলার পুলিশ সুপার, জেলা বিশেষ শাখা/ ডিআইজি, শহর বিশেষ শাখাকে অবহিত করা হবে।

১১। উপরি-উক্ত শর্তাবলীর সাথে সম্মত হলে আগামী **১৬-০১-২০২০ খ্রিঃ** তারিখ বেলা ১২:০০ ঘটিকার মধ্যে কর্মচারী প্রশাসন পরিদপ্তর, সদর দপ্তর ভবন (২য় তলা), বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, নিকুঞ্জ-২, খিলক্ষেত, ঢাকা-১২২৯-এ যোগদান করতে হবে। অন্যথায় নিয়োগপত্র বাতিল বলে গণ্য হবে।

**বি: দ্র: কোন প্রার্থীর নিকট নির্ধারিত তারিখের মধ্যে নিয়োগপত্র না পৌঁছলে অত্র বিজ্ঞপ্তিতে উল্লিখিত কাগজাদিসহ যোগদানের জন্য ১৬-০১-২০২০ খ্রি. তারিখ বেলা ১২:০০ ঘটিকার মাধ্যমে কর্মচারী প্রশাসন পরিদপ্তরে হাজির হওয়ার জন্য অনুরোধ করা হলো।**

০৭/০১/২০২০

(মুহাম্মদ খালেদ হোসেন)
পরিচালক
কর্মচারী প্রশাসন পরিদপ্তর।

<u>অনুলিপি (অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য) :</u>

০১। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (আইসিটি), বাপবিবো, ঢাকা। → **নোটিশটি ওয়েবসাইটে প্রকাশ করতঃ ১৭-০১-২০২০ খ্রি. তারিখ পর্যন্ত রাখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।**

০২। একান্ত সচিব, চেয়ারম্যান, বাপবিবো, ঢাকা।

০৩। একান্ত সচিব, সদস্য (প্রশাসন / পরিকল্পনা ও উন্নয়ন), বাপবিবো, ঢাকা।

<u>বিতরণঃ</u>

০১। নোটিশ বোর্ড।